# ঢাকা বোর্ড-২০১৪

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ১

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

মান-৬০

*দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।*

### ক বিভাগ-গদ্য

**১.** ▶ রতন প্রচণ্ডভাবে ভালোবাসে তার পোষা ময়নাটিকে। ময়নার প্রতি রতনের এমন দরদ দেখে ঈর্ষান্বিত হয়ে ওঠে তারই প্রতিবেশী রানা। এক সময় রানা রাতের আঁধারে ময়নাকে মেরে ফেলে। ময়নার শোকে নাওয়া-খাওয়া ভুলে গেল রতন।

ক. প্রাচীরের ধারের গাছটির নাম কী? ১

খ. 'সত্যিকারের একটা ভাবনা ঘুচে গেল'— কীভাবে? ২

গ. রানার সঙ্গে 'অতিথির স্মৃতি' গল্পের কাকে মেলানো যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের রতনের মাঝে 'অতিথির স্মৃতি' গল্পের লেখককে খুঁজে পাওয়া যায়।'— উক্তিটি বিচার কর। ৪

**২.** ▶ 'কেউবা রঙিন কাঁথায় মেলিয়া বুকের স্বপনখানি
তারে ভাষা দেয় দীঘল সুতার মায়াবি আখর টানি'— মি. রাজু পল্লিকবি রচিত এ চরণ দুটি আবৃত্তি করে বলেন, 'চরণ দুটিতে বর্ণিত শিল্পকর্মটি আমাদের অতীতকে স্মরণ করিয়ে দেয়।'

ক. ঢাকার নবাব পরিবার কী দিয়ে শীতল পাটি তৈরি করিয়েছিলেন? ১

খ. 'মসলিন এক সময়ের অনন্য ও অমূল্য সৃষ্টি ছিল'— কেন? বুঝিয়ে লেখ। ২

গ. চরণ দুটিতে বর্ণিত শিল্পকর্মটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের গ্রামীণ কোন লোকশিল্পের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'চরণ দুটিতে বর্ণিত শিল্পকর্মটি আমাদের অতীতকে স্মরণ করিয়ে দেয়।' মি. রাজুর এ মন্তব্যটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ করিম সাহেব শেয়ার বাজারে সামান্য অর্থ বিনিয়োগ করে অধিক লাভবান হন। পরে লাভের আশায় তিনি সম্পূর্ণ মূলধন বিনিয়োগ করে আর্থিক সচ্ছলতা আশা করেন। কিন্তু হঠাৎ শেয়ার বাজারে ধ্বস নামলে লাভ তো দূরে থাক মূলধনও হারালেন। এখন করিম সাহেব অশান্তিতে ভুগছেন।

ক. মোড়লের বিশ্বাসী চাকরের নাম কী? ১

খ. সুখকে কঠিন জিনিস বলা হয়েছে কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের করিম সাহেব 'সুখী মানুষ' নাটিকায় কার প্রতিবিম্ব? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বেশি লাভের দিকে দৃষ্টি না দিলে করিম সাহেবকে অশান্তিতে ভুগতে হতো না'— মন্তব্যটি 'সুখী মানুষ' নাটিকার আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ বিভাগ-কবিতা

**৪.** ▶ গনি মিয়া ও হরিপদ রাধিকাপুর গ্রামের দুই গরিব কৃষক। তাদের বউ-ঝিয়েরা একই পুকুরে থালা-বাসন মাজে, কাপড় কাচে। গ্রামের সবাই একই কুয়ার পানি পান করে। এ বাড়ির তরকারির বাটি ও বাড়িতে পাঠানো হয়। ঈদ-পূজোয় তারা আনন্দ ভাগাভাগি করে। আবার দুঃখ ও কষ্টেও হয় পরস্পর সমব্যথী। রাধিকাপুর সকল সম্প্রদায়ের শান্তির স্থান।

ক. লালন শাহ-এর গুরু কে ছিলেন? ১

খ. কূপজল ও গঙ্গাজল কীভাবে অভিন্ন সত্তা? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে 'মানবধর্ম' কবিতার কোন আদর্শবোধের পরিচয় মেলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের মূলভাব ও 'মানবধর্ম' কবিতার মূলভাব যেন একই ধারায় প্রবাহিত।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ পাগলা হাওয়ার বাদল দিনে
পাগল আমার মন জেগে ওঠে।
চেনা শোনার কোন বাইরে
যেখানে পথ নাই, নাই-রে
সেখানে অকারণে যায় ছুটে।

ক. 'কারসাজি' শব্দটির অর্থ কী? ১

খ. কানাই মাঝিকে পাল নামাতে বলেছে কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে 'নদীর স্বপ্ন' কবিতার কোন চেতনার পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকটি 'নদীর স্বপ্ন' কবিতার সমগ্র বিষয়বস্তুকে ধারণ করে না'— বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ সোনাপুর ইউনিয়নের চেয়ারম্যান সাহেব অত্যন্ত সৎ ও ন্যায়পরায়ণ ব্যক্তি। তিনি সবাইকে সমান চোখে দেখেন। এমনকি বাড়ির চাকর মকবুলকেও নিজের ছেলের মত জামা-কাপড় কিনে দেন, একসাথে বসে খাবার খান। এজন্য অনেকে ভুল করে মকবুলকে চেয়ারম্যানের নিকট আত্মীয় বলে মনে করেন।

ক. 'দুই বিঘা জমি' কবিতার উৎস কী? ১

খ. 'চোখে আসে জল ভরে'— কেন? বুঝিয়ে লেখ। ২

গ. চেয়ারম্যানের সাথে 'দুই বিঘা জমি' কবিতার জমিদারের চারিত্রিক বৈসাদৃশ্য কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'দুই বিঘা জমি' কবিতার জমিদার যদি উদ্দীপকের চেয়ারম্যানের মতো হতেন তবে উপেনের পরিণতি এমন হতো না।'— বিশ্লেষণ কর। ৪

### গ বিভাগ-আনন্দ পাঠ

**৭.** ▶ অভাবের সংসারে স্ত্রীর সঙ্গে ঝগড়ার একপর্যায়ে বিরক্ত হয়ে বাড়ি ছেড়ে অন্যত্র চলে যায় কমল। সন্ন্যাসী বেশে তীর্থে তীর্থে ঘুরে অবশেষে গ্রামে ফিরে এলে স্ত্রী ও ছেলেমেয়েরা কমলকে দেখে আনন্দে আত্মহারা হয়ে যায়।

ক. রিপভ্যান উইংকলের একমাত্র পোষা প্রাণীর নাম কী? ১

খ. 'রিপভ্যান উইংকল' গল্পে রিপ অদ্ভুত লোকটির বোঝা ভাগাভাগি করে নিয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের কমলের স্ত্রীর সঙ্গে 'রিপভ্যান উইংকল' গল্পের কোন চরিত্রের মিল আছে? বর্ণনা কর। ৩

ঘ. 'উদ্দীপকের 'কমল' ও 'রিপভ্যান উইংকল' গল্পের রিপ অবশেষে বাড়ি ফিরে বিপরীতধর্মী বাস্তবতার সম্মুখীন হয়।'— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ স্ত্রী ও দু'সন্তানকে নিয়ে সুখেই কাটছিল রইছের জীবন। কিন্তু পাশের গ্রামের ইব্রাহিমের পরামর্শে রাতারাতি বড়লোক হবার ইচ্ছায় লিবিয়ায় যাবার সিদ্ধান্ত নেয় রইছ। পৈতৃক সম্পত্তি বিক্রি করে বঙ্গোপসাগর পাড়ি দিয়ে চুরি করে লিবিয়া যাওয়ার পথে ঝড়ের কবলে পড়ে ওদের ট্রলারটি ডুবে যায় এবং সমস্ত যাত্রীদের সলিল সমাধি ঘটে।

ক. কত মাইল হেটে পাখোম বাসকিরদের দেশে পৌছল? ১

খ. 'ওভারসিয়ার' লোকটির স্বভাব কেমন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের রইছের কর্মকাণ্ড 'সাড়ে তিন হাত জমি' গল্পের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রইছের পরিণতি 'সাড়ে তিন হাত জমি' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ উদ্দীপক-১: "নদীর এপার কহে ছাড়িয়া নিঃশ্বাস
ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস।"

উদ্দীপক-২: 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'।

ক. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে রাজার পরামর্শদাতা কে? ১

খ. টমের কাছে সবকিছু স্বপ্নের মতো মনে হয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক-১ 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের যে দিকটি প্রতিবিম্বিত করে— তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ এ বর্ণিত দিকটি 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# ঢাকা বোর্ড-২০১৪

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: ১ ০ ১

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বৃত্তটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. অল্পবয়সী মেয়েরা মোজা পরত কেন?**
ক শীতকাল বলে খ অভিজাত বলে
গ পা ফোলা ঢাকতে ঘ সৌন্দর্য বাড়াতে

**২. মিয়ানমারে রিকশার বদলে কী ব্যবহার করা হয়?**
ক পাইক্যা খ গরুর গাড়ি
গ ভ্যান গাড়ি ঘ ঘোড়ার গাড়ি

**৩. 'বাঙালির বাংলা' প্রবন্ধে উল্লিখিত নিচের কোনটি অফুরান?**
ক চা খ মাছ গ গ্যাস ঘ কয়লা

**৪. ভাবল টিনের বাক্সে যা থাকে তা হলো—**
i. টাকা কড়ি
ii. গুপ্তধন
iii. গহনা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও iii ঘ ii ও iii

**৫. কোন চরের কাপাসীরা বন্যার কারণে নিরাশ্রয় হয়ে গেল?**
ক মেহেরপুর খ অম্বরপুর
গ বিষ্ণুপুর ঘ আজিবপুর

**৬. মসলিনের কারিগরদের বংশধরেরা আজও কোথায় বসবাস করছে?**
ক সিলেট খ কুমিল্লা
গ মুন্সীগঞ্জ ঘ নারায়ণগঞ্জ

**৭. মামার তৈলচিত্রে নগেনের প্রণাম করতে যাওয়ার কারণ—**
i. আত্মগ্লানি কমানো
ii. মামাকে শ্রদ্ধা জানানো
iii. মামার বাড়ি থেকে পালানো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. 'নবান্ন' অনুষ্ঠান কোন মাসে হয়?**
ক আশ্বিন খ কার্তিক
গ পৌষ ঘ অগ্রহায়ণ

**৯. বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে কার ঐতিহাসিক ভাষণের সাথে তুলনা করা হয়েছে?**
ক জর্জ ওয়াশিংটন খ জর্জ বুশ
গ রোনাল্ড রিগান ঘ আব্রাহাম লিংকন

**১০. মোড়ল ধনী হয়েছে যেভাবে—**
i. মানুষের গরু কেড়ে নিয়ে
ii. মানুষের ধন লুট করে
iii. রাতের আঁধারে গুপ্তধন পেয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. কোন ধরনের বোধের কারণে মানুষের মন তৃপ্ত হয়?**
ক মূল্যবোধ খ সৌন্দর্যবোধ
গ মানবতাবোধ ঘ নৈতিকতাবোধ

**১২. ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতে কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম?**
ক সংস্কৃত খ মাগধী প্রাকৃত
গ গৌড়ি প্রাকৃত ঘ গৌড়ি অপভ্রংশ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
একবার শহর থেকে এক ভদ্রলোক বন্দুক নিয়ে গ্রামে এসেছিল পাখি শিকার করতে। শিমুল গাছে অসংখ্য পাখি দেখে ভদ্রলোকের আনন্দ আর ধরে না। গুলি ছোঁড়ার আগে রাফি ঢিল ছুড়ে সব পাখি উড়িয়ে দিয়েছিল।

**১৩. উদ্দীপকের রাফি 'অতিথির স্মৃতি' গল্পে কার প্রতিচ্ছবি?**
ক মালির খ লেখকের
গ মালির বউ ঘ পা ফোলা রোগীর

**১৪. রাফির ঢিল ছুঁড়ে সব পাখি উড়িয়ে দেওয়ার মধ্যদিয়ে তার মধ্যে 'অতিথির স্মৃতি' গল্পের লেখকের কোন বৈশিষ্ট্যটির পরিচয় পাওয়া যায়?**
ক মনুষ্যত্ববোধ খ কৌতূহলবোধ
গ অসৌজন্যতা ঘ প্রাণীপ্রীতি

**১৫. উদ্দীপকের ভদ্রলোকের সঙ্গে 'অতিথির স্মৃতি' গল্পের কাকে মেলানো যায়?**
ক লেখককে খ মালিকে
গ মালির বউকে ঘ বেরিবেরি রোগীকে

**১৬. 'গঙ্গাজল' হিন্দুদের কাছে কিসের প্রতীক?**
ক দেবতার খ পবিত্রতার
গ বিশুদ্ধতার ঘ স্নেহময়তার

**১৭. 'দুই বিঘা জমি' কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?**
ক মানসী খ গীতাঞ্জলি
গ সোনার তরী ঘ কথা ও কাহিনী

**১৮. 'একুশের গান' কবিতাটি আমাদের কী শিক্ষা দেয়?**
ক মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রেরণা
খ রক্ত দিয়ে জীবন রক্ষা করা
গ শোষণের বিরুদ্ধে প্রতিরোধ গড়া
ঘ পারস্পরিক ভালোবাসার মমত্ববোধ সৃষ্টি করা

**১৯. 'মধুহীন করো না গো তব মনঃকোকনদে'— এখানে 'মধুহীন' বলতে কী বোঝানো হয়েছে?**
ক নিরাশ খ স্বাদহীন
গ অমৃতহীন ঘ সুগন্ধিহীন

**২০. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা কোন পত্রিকায় প্রকাশিত হয়?**
ক শিখা খ বিজলী গ লাঙল ঘ ধূমকেতু

**২১. 'আবার আসিব ফিরে' কবিতায় কিসের প্রতি কবির আকর্ষণ দেখা যায়?**
ক বাংলার হাওয়া খ বাংলার নদ-নদী
গ বাংলার প্রকৃতি ঘ বাংলার গণমানুষ

**২২. 'নদীর স্বপ্ন' কবিতায় চিত্রিত হয়েছে—**
i. প্রকৃতির বিচিত্র রূপ
ii. বোনের প্রতি ভাইয়ের মমতা
iii. এক কিশোরের নৌকা ভ্রমণের কল্পনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৩. কবি সূর্যের অবদান থেকে কী নিতে চান?**
ক তেজ খ শক্তি গ আলো ঘ প্রেরণা

**২৪. 'সবুজ হাওয়ায় দুলছে ও কার এলো মাথার কেশ'— এখানে 'মাথার কেশ' বলতে কী বোঝানো হয়েছে?**
ক শস্যের ডগা খ কালো চুল
গ শস্যের খেত ঘ এলো কেশ

**২৫. কোথাও আমার হারিয়ে যাবার নেই মানা**
**মনে মনে মেলে দিলেম গানের সুরে এই ডানা।**
**— উদ্ধৃতাংশের সাথে নিচের কোন চরণের মিল আছে?**
ক ছোকানুর কাছে দুটো আনি আছে
খ নৌকা তোমার ঘাটে বাঁধা আছে
গ সন্ধ্যার বুকে তারা ফুটে ওঠে
ঘ সবগুলো নদী দেখাবে কিন্তু আগে পদ্মায় চলো

**২৬. কোনটি কবি সুফিয়া কামালের কাব্যগ্রন্থ?**
ক বনফুল খ চক্রবাক
গ সাঁঝের মায়া ঘ বনলতা সেন

**২৭. লালনের মতে মানুষের জন্য ক্ষতিকর হলো—**
i. কূপের জল ii. জাতের বড়াই
iii. বংশ কৌলিণ্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৮. 'দেশ' কবিতায় 'সুধার ধারা' বলতে কী বোঝানো হয়েছে?**
ক মধুর নহরকে
খ পণ্যসামগ্রী সরবরাহকে
গ সওদাগরের নৌকাকে
ঘ নদীর স্রোতধারাকে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
আসিফ উচ্চ শিক্ষা গ্রহণ করে গ্রামে ফিরে আসে। গ্রামের যুবকদের স্বাবলম্বী করার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করে। হাঁস-মুরগি পালন, মৎস্য চাষ ও গরু মোটাতাজাকরণের মতো নানা পরিকল্পনা করে। কিন্তু সফল হবে কী? এরূপ আশঙ্কায় উদ্যোগ নিতে ব্যর্থ হয়।

**২৯. উদ্দীপকের আসিফের মাঝে 'পাছে লোকে কিছু বলে' কবিতার কোন বিশেষ দিকটি দৃশ্যমান?**
ক সংশয় খ হতাশা গ দুর্বলতা ঘ ভীরুতা

**৩০. কামিনী রায়ের দৃষ্টিতে আসিফের কর্ম পরিকল্পনা সফল করা যেতে পারে—**
i. দৃঢ় সংকল্প গ্রহণ করলে
ii. সকল সংশয় দূর করলে
iii. সাহসী পদক্ষেপ গ্রহণ করলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩১. নিরুপায় হয়ে আলী কোজাই কোথায় নালিশ করল?**
ক কাজির দরবারে খ ফৌজদারি আদালতে
গ খলিফার দরবারে ঘ দেওয়ানি আদালতে

**৩২. রাজ প্রাসাদের সৈনিকের দেহ তল্লাশি করে কী পাওয়া গেল?**
ক সীল খ পত্র গ মুদ্রা ঘ পিস্তল

**৩৩. সর্বশেষ দ্বীপে আসা জাহাজের মানুষদের দেখে রবিনসনের মনে হলো, তারা—**
i. শ্বেতাঙ্গ
ii. ইংরেজ
iii. স্বজাতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৩৪. 'সোহরাব রোস্তম' গল্পটির মূল লেখক কে?**
ক শেখ সাদী
খ মির্জা গালিব
গ আবুল কাসেম ফেরদৌসী
ঘ মার্ক টোয়েন

**৩৫. 'আপনি ঠিকই বলেছেন, উকিল সাহেব'— এই 'উকিল সাহেব' প্রকৃতপক্ষে কে?**
ক পোর্শিয়া খ নেরিসা
গ বাসানিও ঘ লরেঞ্জো

**৩৬. কখন পাখোম স্ত্রী-পুত্র নিয়ে নতুন দেশে পাড়ি জমায়?**
ক গ্রীষ্মের শুরুতে খ বসন্তের শুরুতে
গ বর্ষার শুরুতে ঘ শীতের শুরুতে

**৩৭. 'মার্চেন্ট অব ভেনিস' গল্প অবলম্বনে শাইলককে কী বলা যায়?**
ক কূটকৌশলী খ দানশীল
গ বন্ধু বৎসল ঘ পরোপকারী

**৩৮. অহল্যার দুঃখ দূর হয় কার কারণে?**
ক রামের খ লক্ষণের
গ গৌতম মুনির ঘ বিশ্বামিত্র মুনির

**৩৯. 'রিপ' একটানা কত বছর ঘুমিয়েছিলেন?**
ক দশ খ বিশ গ ত্রিশ ঘ বত্রিশ

**৪০. 'রবিনসন রাজা আর ওরা যেন প্রজা',— এখানে 'ওরা' কাদের বলা হয়েছে?**
ক হাঁস-মুরগি খ গরু-ছাগল
গ কুকুর-বিড়াল ঘ ময়না-শালিক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ |
| ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | গ |

http://teachingbd.com